

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫০৯

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ইচ্ছাকৃতভাবে বমি কারীর উপর সিয়াম কায়া করা ওয়াজিব কিন্তু কারো অনিচ্ছাকৃতভাবে বমি হলে তার উপর সিয়াম কায়া করা ওয়াজিব নয় মর্মে বর্ণনা

ذِكْرٌ إِيجَابِ الْقَضَاءِ عَلَى الْمُسْتَقِيءِ عَامِدًا مَعَ نَفْيِ إِيجَابِهِ عَلَى مَنْ ذَرَعَهُ ذَلِكَ بِغَيْرِ قَصْدِهِ

আরবী

3509 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ بْنِ عَبْدِ الْمَلِكِ بِحَرَانَ حَدَّثَنَا عَمِيْ أَبُو وَهْبٍ الْوَلِيدُ بْنُ عَبْدِ الْمَلِكِ حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ حَدَّثَنَا هِشَامٌ بْنُ حَسَّانَ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ ذَرَعَهُ الْقَيْءُ وَهُوَ صَائِمٌ فَلَيْسَ عَلَيْهِ قَضَاءُ وَمَنْ اسْتَقَاءَ فَلَيَقْضِي)

الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3509 | خلاصة حكم المحدث: صحيح - ((صحیح أبي داود))
(2055).

বাংলা

৩৫০৯. আবু হুরাইরা রাদিয়ান্নাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সান্নান্নাহু আলাইহি ওয়া সান্নাম বলেছেন, “সিয়াম অবস্থায় ঘার বমি হয়, তার উপর কোন কায়া নেই। আর যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে বমি করে, সে যেন তা কায়া করে নেয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৯৮; দারেমী: ২/১৪; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ১/৯১-৯২; আবু দাউদ: ২৩৮০; তিরমিয়ী: ৭২০; ইবনু মাজাহ: ১৬৭৬; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৯৬০; তাহাবী: ২/৯৭; দারাকুতনী: ২/১৮৪; হাকিম: ১/৮২৬-৮২৭; সুনান বাইহাকী: ৮/২১৯; বাগাবী: ১৭৫৫; ইবনু মাজাহ: ১৬৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী
রহিমাত্তল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92843>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন